৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৩৮তম (জুলাই, ২০২২খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

সভাপতি : শাহিদ মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।
তারিখ : ২০ জুলাই, ২০২২খ্রি.।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী।
সময় : সকাল ১১.৩০ঘটিকা

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ১৬-০৬-২০২২খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ওয়ার্ড পর্যায়ে ইপিআই কার্যক্রম ও কোভিড ১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রমের আওতায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এ স্থায়ী টিকাদান কেন্দ্র ও ৩১৪টি অস্থায়ী টিকাদান কেন্দ্রসহ মোট ৩৬০টি টিকাদান কেন্দ্রে প্রতি মাসে ১বার করে সম্প্রসারিত টিকাদান কর্মসূচিতে জন্মের পর থেকে ১৮ মাস বয়সের শিশুকে রোস্টার অনুযায়ী ১০টি রোগের টিকা প্রদান ও ১৫-৪৯ বছর বয়সের সকল নারীকে রোস্টার অনুযায়ী ধনুষ্টঙ্কার(টিটি)টিকা প্রদান করা হয়। গত মাসে মোট ২৭০৯টি শিশুকে ১ম ডোজ টিকা ২২৯০টি শিশুকে ২য় ডোজ টিকা ১৯৮৫টি শিশুকে ৩য় ডোজ টিকা ১৮৫৮টি শিশুকে ৪র্থ ডোজ টিকা এবং ১৮৬৬জন নারীকে ১ম ডোজ টিটি টিকা ১৩০৭ জন নারীকে ২য় ডোজ টিটি টিকা ১২৭৮জন নারীকে ৩য় ডোজ টিটি টিকা ৬৫৫জন নারীকে টিটি টিকা ৬৯৮জন নারীকে ৫ম ডোজ টিটি টিকা প্রদান করা হয়েছে।<br>কমিউনিটি ক্লিনিকে শিশু স্বাস্থ্য, মাতৃ স্বাস্থ্য ও সাধারণ রোগীর সেবাসহ জাতীয় পুষ্টি সেবা কার্যক্রমের আওতায় প্রতিটি কমিউনিটি ক্লিনিকে আগামী ৩মাসের জন্য ২৭ ধরনের ঔষধের কিট বক্স মজুদ আছে। গত মাসে ৪৬টি কমিউনিটি ক্লিনিকে মোট ১৭৫০০জন সাধারণ রোগী, ৮৯৭৬জন ০-৫ বছর বয়সী নবজাতক ও শিশু রোগী, ১০৯৭৮জন রোগীকে মাতৃস্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।<br>প্রশিক্ষিত সিএসবিএ কর্তৃক কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসবসেবা কার্যমের আওতায় ১৭জন প্রশিক্ষিত সিএসবিএ কর্তৃক ২০জন গর্ভবতী মাসের স্বাভাবিক প্রসব সম্পন্ন করা হয় এবং ৩০জন গর্ভবতী রোগীকে উচ্চতর সেবার নিমিত্তে নীলফামারী ২৫০ শয্যা হাসপাতালে রেফার্ড করা হয়েছে।<br>DHIS-2 অনলাইন রিপোর্টিং কর্মসূচির আওতায় মাঠ পর্যায়ের কর্মচারীদের সাধারণ স্বাস্থ্য সেবা রিপোর্ট, ইপিআই কার্যক্রমের টিকাদান, কোভিড-১৯ টিকা দান, এন্টিজেন ও আরটিপিসি আর কোভিড-১৯ শনাক্তকরণ স্যাম্পল সংগ্রহ রিপোর্ট প্রদান, মেজর ইকুইপমেন্ট, যক্ষ্মা ও কুষ্ঠ কার্যক্রম প্রতিবেদন, প্রাকৃতিক দুর্যোগ ও ডায়রিয়া রিপোর্ট, কমিউনিটি ক্লিনিকের সাধারণ রোগী, নবজাতক ও শিশু রোগী ও মাতৃস্বাস্থ্য রিপোর্ট, জন্ম ও মৃত্যু স্বতন্ত্র প্রতিবেদন সঠিক সময়ে প্রদান করা হয়েছে।<br>সিবিএইচসি কর্তৃক গৃহীত 'ইলেকট্রনিক পদ্ধতিতে খানা ভিত্তিক তথ্য সংগ্রহ এবং ইন্ডিভিজুয়াল হেলথ আইডি প্রণয়ন কর্মসূচির আওতায় ১৫টি ইউনিয়নে ৪৬টি কমিউনিটি ক্লিনিকের আওতায় ৩২৯জন মাল্টি পারপাস হেলথ ভোলান্টিয়ার(এমএইচভি) বাছাই করে তাদের উক্ত কর্মসূচির প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। তাদের চলমান রিফ্রেশার প্রশিক্ষণ কার্যক্রম শেষে অতিশীঘ্রই মাঠ পর্যায়ে "ইলেকট্রনিক পদ্ধতিতে খানা ভিত্তিক তথ্য সংগ্রহ এবং ইন্ডিভিজুয়াল হেলথ আইডি প্রণয়ন কর্মসূচি" শুরু হবে।<br>তিনি আরও জানান যে, তথ্য অধিকার আইন,২০০৯ অনুযায়ী ২টি আবেদন পাওয়ায় নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করা হয়েছে। | ১। ইউনিয়ন পর্যায়ে কর্মরত চিকিৎসক ও স্বাস্থ্য সহকারীগণের মাধ্যমে কোভিড-১৯ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। কমিউনিটি ক্লিনিকে ২৭ ধরণের ঔষধের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান আব্যাহত রাখতে হবে।<br>৩। 'ইলেকট্রনিক পদ্ধতিতে খানা ভিত্তিক তথ্য সংগ্রহ এবং ইন্ডিভিজুয়াল হেলথ আইডি প্রণয়ন কর্মসূচির আওতায় ১৫টি ইউনিয়নে ৪৬টি কমিউনিটি ক্লিনিকের আওতায় ৩২৯জন মাল্টি পারপাস হেলথ ভোলান্টিয়ার(এমএইচভি) এর মাধ্যমে আইডি প্রণয়ণের কাজ শুরু করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি, তবে উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি আমন মৌসুমে বীজতলা সংরক্ষণের বিষয়ে কৃষকেরকে পরামর্শ প্রদান করা হচ্ছে। কৃষি প্রণোদনার বিষয়ে ইউনিয়ন কমিটি কর্তৃক প্রকৃত কৃষকের নাম বাছাই করে উপজেলা কমিটিতে প্রেরণের জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, আসন্ন আমন মৌসুমে সার এবং কীটনাশকের বাজার মূল্য নিয়ন্ত্রণের জন্য নিয়মিত বাজার পরিদর্শন করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করেন। | ১। কৃষি প্রণোদনা প্রদানের জন্য প্রকৃত কৃষকের নাম বাছাই করে উপজেলা কমিটিতে প্রেরণ করতে হবে।<br>২। নিয়মিত বাজার পরিদর্শন করে রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর।<br>২। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ(সকল) |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি, তবে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২৩-৭-২০২২ হতে ২৯-৭-২০২২পর্যন্ত সারা দেশের ন্যায় নীলফামারী সদর উপজেলাতেও মৎস্য সপ্তাহ পালন করা হবে এবং বিভিন্ন জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা হবে। ৪(চার)লক্ষ টাকা বকেয়া ঋণের মধ্যে ২১(একুশ) হাজার টাকা আদায় হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। ২। মৎস্য সপ্তাহের সকল কর্মসূচি যথাযথভাবে পালন করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, জুন, ২০২২খ্রি. মাসে তার দপ্তর হতে ২৩৬২২টি গবাদিপশু ও ১০৮০০০টি হাঁসমুরগির টিকা প্রদান করা হয়েছে এবং ২০০০টি গবাদিপশ ও ১১১৬৭টি হাঁসমুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন কার্যক্রমের আওতায় হিমায়িত সিমেনদ্বারা ৪২৪টি ও তরল সিমেনদ্বারা ৬২৪টি গবাদিপশুকে কৃত্রিম প্রজন করা হয়েছে। তিনি আরও জানান যে, জুন ২০২২খ্রি. মাসে বেসরকারী উদ্যোগে ১.০০ একর জমিতে উন্নত জাতের ঘাসের চারা বপন করা হয়েছে। | বেকারত্ব হ্রাসে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে বেকার জনগণকে উৎসাহিত করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে জুন, ২০২২খ্রি. মাসে খাবার বড়ি ২৬৬৩০ চক্র, আপন ৬৫৭ চক্র, কনডম ১০৮৮৫পিস, ইনজেকশন ৩২২৯ ভায়াল বিতরণ করা হয়েছে এবং আই.ইউ.ডি ৭৭জন, ইমপ্ল্যান্ট ৬৪জন ও ই.সি.পি ৩৬জনকে প্রদান করা হয়েছে। | পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে জনসাধারণকে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নীলফামারী সদর। |
| ০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৩-০৬-২০২২খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮. ০২৬.১২-৩৬৮নং পত্র মূলে উপজেলা পরিষদের সামনে ৩৭ মিটার এবং পিছনে ৯৮ মিটার সীমানা প্রাচীর নির্মাণ কাজের প্রশাসনিক অনুমোদন প্রদান করেছেন। বর্ণিত প্রকল্প দুটি ই-জিপি অন-লাইনের মাধ্যমে LTM পদ্ধতিতে দরপত্র আহবান করা যেতে পারে মর্মে তিনি প্রস্তাব উপস্থাপন করেন। উপজেলা পরিষদের ০২ (দুই)টি গেট নির্মানের প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছিল। তৎপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ হতে ২৩-০৬-২০২২খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০২৬.১২.৩৬৯ নং স্মারকে মূলে ০২ (দুই) টি গেট এর পরিবর্তে ০১(এক) টি গেট নির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা আলোকে উপজেলা পরিষদের মসজিদ সংলগ্ন পিছনদিকে স্থান নির্ধারণের প্রস্তাব প্রেরণের জন্য সভায় তিনি প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদে বঙ্গবন্ধু ম্যুরালের বেদী নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। যার প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ০৮-০৬-২০২২খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০২৬.১২.৩৭০নং স্মারকে বেদী নির্মাণের তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশ প্রদান করায়, উক্ত প্রকল্পের তথ্যাদি পুনঃরায় প্রেরণের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহ দীর্ঘদিনের পুরাতন হওয়ায় তা সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য গত ১৮-০৭-২০২২খ্রি. তারিখে তার দপ্তরের সার্ভেয়ারকে নির্দেশ প্রদান করেন। আবাসিক ভবনসমূহের মধ্যে ১) কর্ণফুলি, ২) তিস্তা ও ৩) যমুনা ভবন জরাজীর্ণ এবং বসবাসের অনুপযোগী/ঝুঁকিপূর্ণ হওয়ায় পরিত্যক্ত ঘোষনা করা যেতে পারে বলে একখানা পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। উপজেলা পরিষদ কর্তৃক জেলা কনডেমনেশন কমিটিতে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলে বাজার মূল্য নির্ধারণের প্রাক্কলন প্রস্তুত করা যেতে পারে সভায় উপস্থাপন করেন। সভায় উপজেলা প্রকৌশলীর বিভিন্ন প্রস্তাবিত বিষয়ে আলোচনা করা হয়। | ১) উপজেলা পরিষদের সামনে ৩৭ মিটার এবং পিছনে ৯৮ মিটার সীমানা প্রাচীর নির্মাণ কাজ ই-জিপি অন-লাইনের মাধ্যমে খএণ্গ "পদ্ধতিতে দরপত্র আহবান করার সিদ্ধান্ত গৃহী হয়।<br>২) উপজেলা পরিষদের মসজিদ সংলগ্ন পিছনদিকে স্থান নির্ধারণ করে গেট নির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহী হয়।<br>৩) বঙ্গবন্ধু ম্যুরালের বেদী নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগে তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪) উপজেলা পরিষদের আবাসিক ক) কর্ণফুলি, খ) তিস্তা ও গ) যমুনা ভবন জরাজীর্ণ এবং বসবাসের অনুপযোগী/ঝুঁকিপূর্ণ কীনা তা উপজেলা প্রকৌশলী সরেজমিন পরিদর্শন করবেন এবং বসবাসের অনুপযোগী/ঝুঁকিপূর্ণ হলে নিলামের জন্য বাজারমূল্য নির্ধারণের প্রাক্কলন প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহী হয়। | উপজেলা প্রকৌশলী, নীফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২অর্থ বছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ সকল প্রকার ভাতা সুষ্ঠভাবে বিতরণ সম্পন্ন হয়েছে এবং পল্লী সমাজসেবা ও পল্লী মাতৃকেন্দ্রসহ ঘূর্ণয়মান তহবিলের ঋণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর। |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর জানান যে, আত্মকর্মসংস্থান এবং উত্তরবঙ্গ প্রকল্পের তহবিল হতে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক। ঋণ খেলাপীর সংখ্যা ২৭০জন। বকেয়া ঋণ আদায়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ১। ঋণ খেলাপীদের ঋণ পরিশোধের বিষয়ে তাগিদ প্রদান করতে হবে।<br>২। যুব ঋণ আদায়ের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান সহযোগিতা করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী। |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৩য় ধাপে প্রাপ্ত ৩৯০টি অগভীর নলকূপ ও অগভীর তারা নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে, যা শীঘ্রই সমাপ্ত হবে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় ধাপে ৩০টি অগভীর নলকূপের স্থাপন কাজ শীঘ্রই শুরু হবে। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট (১৮)টি এর স্থাপন কাজ চলমান রয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে GPS/NNGPS/PEDP-4 প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিভাবে চলছে। | চলমান প্রকল্পের কাজসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর। |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা শিক্ষা অফিসার, নীলফামারী সদর জানান যে, শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি জানান আগামী ২৬-৭-২০২২খ্রি. তারিখ হতে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ উদ্বোধন হবে এবং আগামী ৩০-৭-২০২২খ্রি. তারিখ সমাপনী খেলা নীলফামারী সরকারি বালক উচ্চবিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। সকলকে উপস্থিত থেকে উক্ত খেলা উপভোগ করার জন্য তিনি অগ্রীম আমন্ত্রণ জানান। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। সকলে উপস্থিত থেকে উদ্বোধনী ও সমাপনী খেলা উপভোগ করবেন। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা সমবায় অফিসার, নীলফামারী সদর জানান যে, সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আগামী সভায় সমবায় বিভাগের কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নীলফামারী সদর জানান যে, আগামী ১৫-৯-২০২২খ্রি. তারিখ হতে এসএসসি/সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাধ্যমিক শিক্ষা বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আগাম ১৫-৯-২০২২খ্রি. তারিখ হতে অনুষ্ঠেয় এসএসসি/সমমানের পরীক্ষা সুষ্ঠভাবে গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে সাধারণ ও নির্বাচনী এলাকা ভিত্তিক টিআর ও কাবিটা প্রকল্পের বরাদ্দ অদ্যাবধি পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালা অনুযায়ী বিভাজনপূর্বক প্রকল্পের কাজ সম্পন্ন করা হবে। | টিআর ও কাবিটা প্রকল্পের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালা অনুযায়ী বিভাজনপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি, নীলফামারী সদরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | চলমান প্রকল্পের কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের পৃরথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |

চলমান

| | | |
|---|---|---|
| ৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে খাদ্য গুদামে চাল-৮১৪৭.৪৮৯মেঃ টন, ধান-২৫৮.০০০মেঃ টন, গম-০.৬৭৮মেঃ টন ও খালি বস্তা প্রায়-৩৫৫৯৬১খানা মজুদ রয়েছে।<br>অভ্যন্তরীণ বোরো চাল/ধান ও গম সংগ্রহ-২০২২ কার্যক্রম চলমান। জিআর, ইপি, ওপি, ভিজিডি ও ওএমএস খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে। বর্তমান বাজারে ধান ২৫/- থেকে ২৬/-, চাল- ৩৮/- থেকে ৩৯/-, গম- ২৪/- থেকে ২৫/-, আটা- ৩৬/- থেকে ৩৮/-, লবণ-৩৫/- থেকে ৪০/-, চিনি- ৮০/- থেকে ৮৫/-, মসুর ডাল- ১১০/-থেকে ১৪০/- প্রতি কেজি দরে বিক্রি হচ্ছে এবং সয়াবিন তেল ২০০/- থেকে ২১০/- প্রতি লিটার দরে বিক্রি হচ্ছে। ওএমএস কার্যক্রমের আওতায় বর্তমানে জেলা সদরে ওএমএস কার্যক্রম চলমান আছে। নীলফামারী পৌরসভার ৯টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৬দিন সকাল ৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০মেঃ টন করে মোট ৫.০০০মেঃ টন চাল প্রতি কেজি ৩০/-টাকা দের বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। ওএমএস কার্যক্রমে আটা বিক্রয় বন্ধ আছে। সরকারি নির্দেশনা আসলে পুনরায় আটা বিক্রি চালু হবে। ভিজিডি খাতে জুলাই মাসে কোন বরাদ্দ পাওয়া যায়নি। উপজেলায় চলতি বোরো মৌসুমে কৃষকের অ্যাপের মাধ্যমে প্রকৃত ধান উৎপাদনকারী কৃষকের নিকট হতে বোরো ধান ক্রয় চলমান রয়েছে। প্রতি কেজি ধানের কৃয় মূল্য ২৭/- টাকা। অদ্যাবধি উপজেলায় ৪৫৯.০০০মেঃটন ধান ক্রয় করা হয়েছে এবং উপজেলার অটো ও কাস্কিং মিলের নিকট হতে ৪৮৬০.১৮০মেঃটন বোরো সিদ্ধ চাল কয় করা হয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় হতদরিদ্র ভোক্তার তালিকা অনলাইন ডাটাবেজে অন্তর্ভূক্তির কার্যক্রম চলমান আছে। আগামী সেপ্টেম্বর,২০২২ মাসে চাল বিতরণের পূর্বেই সকল ভোক্তার তথ্য অনলাইনে এন্ট্রি করা হবে। সে লক্ষ্যে গত ১৩-৬-২০২২খ্রি. তারিখ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর বিভাগ কর্তৃক উপজেলার সকল ইউনিয়নের উদ্যোক্তা ও খাদ্য বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের জুম অ্যাপে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং খাদ্যবন্ধব কর্মসূচির ভেরিফাইড ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান যে, বিভিন্ন খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ সঠিকভাবে চলছে। | ১। কৃষকের অ্যাপের মাধ্যমে প্রকৃত ধান উৎপাদনকারী কৃষকের নিকট হতে বোরো ধান সংগ্রহ করতে হবে।<br>২। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় হতদরিদ্র ভোক্তার তালিকা অনলাইন ডাটাবেজে অন্তর্ভূক্তির কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>নীলফামারী সদর। |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, জুন, ২০২২খ্রি. মাসে উপজেলা পরিসংখ্যান অফিস কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>১৮.১। বোরো ফসলের নমুনা কর্তন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। বোরো ফসলের মূল্য ও উৎপাদন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। আউশ ফসলের পূর্বাভাস (অংশ-১) প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। জনশুমারি ও গৃহগণনা-২০২২ প্রকল্পের ডিজিটাল মূল শুমারি কার্যক্রম সম্পন্নপূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৫। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় আইন শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, নীলফামারী সভায় জানান যে, আমন মৌসুম শুরু হয়েছে। আমন মৌসুমে সেচ প্রদানের লক্ষ্যে ৬৩টি গভীর নলকূপ প্রস্তুত রয়েছে এবং তার মধ্যে ২৮টি গভীর নলকূপ ব্যবহার হচ্ছে। এ পর্যন্ত ১৫৬ হেক্টর জমিতে আমন ধানের চারা রোপনের জন্য সেচ প্রদান করা হয়েছে। আমন ধানের পাশাপাশি বর্ষাকালীন শাক-সবজিতে সেচ প্রদান অব্যাহত আছে। | চলমান আমন মৌসুমে কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী<br>বিএমডিএ<br>নীলফামারী। |
| ২১. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) জানান যে, নীলফামারী সদর ইউনিট অফিসের আওতায় আসন্ন আমন মৌসুমে ৪৫টি সেচ যন্ত্রের মাধ্যমে কৃষকের চাহিদা প্রেক্ষিতে সেচ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকার প্রকৌশলী<br>বিএডিসি(ক্ষুদ্রসেচ)<br>নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ২২. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৩. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী উঠান বৈঠক কার্যক্রম চলমান আছে। প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কর্মসূচির আওতায় তথ্যকেন্দ্রে আগত এবং ডোর টু ডোর সেবাগ্রহীতাগণকে সেবা প্রদান করা হয়েছে। | নিয়মিত উঠান বৈঠক করতে হবে। নারীদের প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জানান যে, ২০২০-২০২১অর্থ বছরের অর্থ হতে বিভিন্ন ইউনিয়নের ৮টি কমিউনিটি ক্লিনিকে ডেলিভারীরুম নির্মাণের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচন সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। কিন্তু চড়াইখোলা ইউনিয়নের কাছিমুদ্দিন কমিউনিটি ক্লিনিকে জমি নিয়ে সমস্যা সৃষ্টি হওয়ায় উক্ত ইউনিয়নের হগলীপাড়া কমিউনিটি ক্লিনিকে ডেলিভারীরুম নির্মাণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা প্রস্তাব করেছেন। উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত হলে কাছিমুদ্দিন কমিউনিটি ক্লিনিকের পরিবর্তে হগলীপাড়া কমিউনিটি ক্লিনিকে ডেলিভারীরুম নির্মাণ করা হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২০২০-২০২১অর্থ বছরের অর্থ হতে ৮টি কমিউনিটি ক্লিনিকে ৮টি ডেলিভারীরুম নির্মাণ উপ প্রকল্পের চড়াইখোলা ইউনিয়নের কাছিমুদ্দিন কমিউনিটি ক্লিনিকের পরিবর্তে হগলীপাড়া কমিউনিটি ক্লিনিকে ডেলিভারীরুম নির্মাণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী/ ইউডিএফ নীলফামারী সদর, নীলফামারী। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, ১৬/০৬/২০২২ হতে ৩০/০৬/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১২৬/২০২১-২২ | ২১/০৬/২০২২খ্রি. | জনাব মোঃ আবু তালেব, প্রকল্প চেয়ারম্যানকে উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনে অবস্থিত যুব উন্নয়ন অফিস মেরামত ব্যয় বিল। | ৯৬,০০০.০০ |
| ১২৭/২০২১-২২ | ২২/০৬/২০২২খ্রি. | মেসার্স মুক্তা ফিলিং স্টেশনকে উপজেলা পরিষদের জীপগাড়ি নং-নীলফামারী ঘ ১১০০২৩ এর জুন ২২ মাসের জ্বালানী বিল প্রদান। | ২১,৬৬৩.০০ |
| ১২৮/২০২১-২২ | ২৩/০৬/২০২২খ্রি. | মেসার্স আলী এন্টারপ্রাইজ, ডোমার, নীলফামারীকে উপজেলা পরিষদে আনসার ব্যারাক নির্মাণের চূড়ান্ত বিল প্রদান। | ৭,৯৯,৫৮০.০০ |
| ১২৯/২০২১-২২ | ২৭/০৬/২০২২খ্রি. | উপজেলা পরিষদের জীপগাড়ি নং-নীলফামারী ঘ ১১০০২৩ এর মেরামত ও রক্ষণাবেক্ষন ব্যয় বিল। | ১১,৯৫০.০০ |
| ১৩০/২০২১-২২ | ২৭/০৬/২০২২খ্রি. | উপজেলা পরিষদের জীপগাড়ি নং-নীলফামারী ঘ ১১০০২৩ এর মেইনটেনেন্স ব্যয় বিল। | ১৯,১৫০.০০ |
| ১৩১/২০২১-২২ | ২৭/০৬/২০২২খ্রি. | উপজেলা পরিষদে জুলাই ২১ হতে জুন ২২ পর্যন্ত ইন্টারনেট ব্যয় বিল। | ২১,৮০৪.০০ |
| ১৩২/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর জুন ২২ মাসের সম্মানী ও বাড়ী ভাড়াভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ১৩৩/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর জুন ২২ মাসের সম্মানী ও বাড়ী ভাড়াভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ১৩৪/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর জুন ২২ মাসের সম্মানী ও বাড়ী ভাড়াভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ১৩৫/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | উপজেলা পরিষদের কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ১জন মালী ও ১জন সুইপারের জুন ২২ মাসের মজুরি ও উৎসবভাতা বিল। | ৩৩,৫০০.০০ |
| ১৩৬/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | জনাব শাহিদ মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর জুলাই ২১ হতে জুন ২২ মাসের টিএ/ডিএ বিল। | ১,০৫,০০০.০০ |
| ১৩৭/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | জনাব দীপক চন্দ্র চক্রবর্তী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর জুলাই ২১ হতে জুন ২২ মাসের টিএ/ডিএ বিল। | ৬০,০০০.০০ |
| ১৩৮/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | জনাব সান্তনা চক্রবর্তী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর জুলাই ২১ হতে জুন ২২ মাসের টিএ/ডিএ বিল। | ৬০,০০০.০০ |
| ১৩৯/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | নিশাদ ইলেক্ট্রিক, নীলফামারীকে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন ও আবাসিক ভবনের বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় ও প্রতিস্থাপন ব্যয় বিল প্রদান। | ৫৮,৩২৪.০০ |
| ১৪০/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | নির্বাহী প্রকৌশলী, নেসকো, নীলফামারীকে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের বৈদ্যুতিক মিটার নম্বর ১৩৭২৫/ই এর বিদ্যুৎ বিল প্রদান। | ১,০৫,৯৭০.০০ |
| ১৪১/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | আরসিল কম্পিউটার, নীলফামারীকে উপজেলা পরিষদের ইন্টারনেট ব্যয় বিল প্রদান। | ৪,৩৫০.০০ |
| ১৪২/২০২১-২২ | ২৯/০৬/২০২২খ্রি. | আরসিল কম্পিউটার, নীলফামারীকে উপজেলা পরিষদের কম্পিউটার সামগ্রী ক্রয় ব্যয় বিল প্রদান। | ৬২,৪৪৫.০০ |
| ১৪৩/২০২১-২২ | ৩০/০৬/২০২২খ্রি. | The daily tribunal কে ২১-২২ অর্থ বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের দরপত্র বিজ্ঞপ্তি ব্যয় বিল। | ৬২,৪৪৫.০০ |

চলমান

CamScanner

i) কাজের নাম ঃ উপজেলা পরিষদের বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় ও সংযোজন করণ(পার্ট-০৩)
প্রাক্কলিত মূল্য ঃ ১,৩৪,৮৫৬/-টাকা
প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

| ক্রঃ নং | নাম | পদবি | প্রকল্প পদবি |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আব্দুল হাই | ইউপি সদস্য | প্রকল্প চেয়ারম্যান |
| ০২ | জনাব মোঃ সফিয়ার রহমান | ইউপি সদস্য | সদস্য |
| ০৩ | জনাব মোঃ ইলিয়াস উদ্দিন | গণমান্য ব্যক্তি | সদস্য |
| ০৪ | জনাব মোঃ শফিকুল ইসলাম | শিক্ষক | সদস্য |
| ০৫ | জনাব মোঃ জামিয়ার রহমান | আনসার ও ভিডিপি সদস্য | সদস্য |
| ০৬ | জনাব মাওলানা জয়নুল আবেদীন | ঈমাম | সদস্য |
| ০৭ | জনাব মোঃ মহসিন আলী | ইউপি সদস্য | সদস্য-সচিব |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

CamScanner

# উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১. ৩৫ (৫০)

তারিখঃ ১১ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান, ..........................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

২৬/৭/২০২২

(জেসমিন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০৫৫১-৬১৩৯৬
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

২৭/৭/২২

CamScanner